# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৯৭

১৬/ রক্তপণ (كتاب الديات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ক্ষমা প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي الْعَفْوِ .

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، حَدَّثَنَا يُونُسُ بْنُ أَبِي إِسْحَاقَ، حَدَّثَنَا أَبُو السَّفَرِ، قَالَ دَقَّ رَجُلٌ مِنْ قُرَيْشٍ سِنَّ رَجُلٍ مِنَ الأَنْصَارِ فَاسْتَعْدَى عَلَيْهِ مُعَاوِيَةَ فَقَالَ لِمُعَاوِيَةَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ إِنَّ هَذَا دَقَّ سِنِّي . قَالَ مُعَاوِيَةُ إِنَّا سَنُرْضِيكَ وَأَلَحَّ الآخَرُ عَلَى مُعَاوِيَةَ فَأَبْرَمَهُ فَلَمْ يُرْضِهِ فَقَالَ لَهُ مُعَاوِيَةُ شَأْنَكَ بِصَاحِبِكَ . وَأَبُو الدَّرْدَاءِ جَالِسٌ عِنْدَهُ قَالَ أَبُو الدَّرْدَاءِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَا مِنْ رَجُلٍ يُصَابُ بِشَىْءٍ فِي جَسَدِهِ فَيَتَصَدَّقُ بِهِ إِلاَّ رَفَعَهُ اللَّهُ بِهِ دَرَجَةً وَحَطَّ عَنْهُ بِهِ خَطِيئَةً " . قَالَ الأَنْصَارِيُّ أَأَنْتَ سَمِعْتَهُ مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ سَمِعَتْهُ أُذُنَاىَ وَوَعَاهُ قَلْبِي . قَالَ فَإِنِّي أَذَرُهَا لَهُ . قَالَ مُعَاوِيَةُ لاَ جَرَمَ لاَ أُخَيِّبُكَ . فَأَمَرَ لَهُ بِمَالٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَلاَ أَعْرِفُ لأَبِي السَّفَرِ سَمَاعًا مِنْ أَبِي الدَّرْدَاءِ وَأَبُو السَّفَرِ اسْمُهُ سَعِيدُ بْنُ أَحْمَدَ وَيُقَالُ ابْنُ يُحْمِدَ الثَّوْرِيُّ .

বাংলা

১৩৯৭. আহমাদ ইবনু মুহাম্মদ (রহঃ) ...... আবূস সাফার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, জনৈক কুরায়শী ব্যক্তি এক আনসারীর দাত ভেঙ্গে দেয়। মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু এর কাছে তখন এ ব্যক্তি বিচার প্রার্থনা করে। সে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু কে বললেন, আমীরুল মু'মিনীন, এই ব্যক্তি আমার দাত ভেঙ্গে দিয়েছে। মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু বললেন, আমরা অবশ্যই তোমাকে সন্তুষ্ট করব। অপর ব্যক্তিটি মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু-কে পীড়াপীড়ি করে অতিষ্ট করে তুলল। তখন তিনি আনসারীকে বললেন, তোমার অভিযুক্ত সঙ্গীকে তোমার হাতেই ছেড়ে দিলাম। সাহাবী আবূ দারদা রাদিয়াল্লাহু আনহু এই সময় তাঁর কাছে উপবিষ্ট ছিলেন। তিনি বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে বলতে শুনেছি যে, কোন ব্যক্তি যদি

(কারো দ্বারা) তার শরীরে আঘাত পায় আর সে তা মাফ করে দেয় তবে এতে আল্লাহ তাআলা তার দরজা বুলন্দ করে দেন এবং গুনাহ ক্ষমা করে দেন। আনসারী বলল, আপনি নিজে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে এই কথা বলতে শুনেছেন? তিনি বললেন, আমার এই দু’কান তা শুনেছে এবং আমার হৃদয় তা সংরক্ষণ করেছে। আনসারী বলল তা হলে আমি তার দাবী ছেড়ে দিলাম। মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু বললেন, অবশ্যই আমি তোমাকে বঞ্চিত করব না। এরপর তিনি তার জন্য কিছু মাল প্রদানের নির্দেশ দেন। - ইবনু মাজাহ ২৬৯৩, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৯৩ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীস গারীব। এই সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের জানা নাই। আবূদ দারদা রাদিয়াল্লাহু আনহু থেকে আবূ সাফার কিছু শুনেছেন বলে আমার জানা নাই। আবূস সাফারের নাম হল সাঈদ ইবনু আহমাদ; তাকে ইবনু মুহাম্মদাছ-ছাওরীও বলা হয়।

## English

Narrated Abu As-Safar:
"A man from the Quraish broke a tooth of a man from the Ansar. So he appealed to Mu'awiyah against him. He said to Mu'awiyah: 'O Commander of the Believers! This person broke one of my teeth.' Mu'awiyah said: 'We will try to get satisfaction for you.' And the other person insisted that Mu'awiyah get him to agree [but he was not satisfied]. So Mu'awiyah said him: 'It is up to your companion.' Abu Ad-Darda' was sitting with him, so Abu Ad-Darda said: 'I heard the Messenger of Allah (ﷺ) saying [he said: 'My ears heard and my heart remembered]: "There is no man who is struck in his body and he forgives for it, except that Allah raises him a level and removes a sin from him.'" The Ansari said: 'Did you hear that from the Messenger of Allah (ﷺ)?' He said: "My ears heard it and my heart remembered it.' He said: 'Then I will leave it to him.' Mu'awiyah said: 'Surely you should not suffer.' So he ordered that he be given some wealth."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবুস্ সাফার (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21815

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন